**ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**
**www.bb.org.bd**

৩০ চৈত্র, ১৪৩১

এফইওডি সার্কুলার পত্র নং-০১ তারিখ ঃ -------------------

১৩ এপ্রিল, ২০২৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

## মেয়াদোত্তীর্ণ স্বীকৃত বিল (বৈদেশিক বা স্থানীয়) পরিশোধ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে Guidelines for Foreign Exchange Transaction (GFET)-2018, ভলিউম-০১, অধ্যায়-০৭, প্যারা-৩৪(এ); বিআরপিডি সার্কুলার নং-০৬/২০১৪, এফই সার্কুলার পত্র নং-২৩/২০২০, এফই সার্কুলার পত্র নং-৩৮/২০২২, এফই সার্কুলার নং-৩০/২০২৪ এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনাসমূহ দ্রষ্টব্য।

০২। আমদানির বিপরীতে বিলমূল্য যথাসময়ে পরিশোধিত না হলে তা দেশের ব্যাংক ব্যবস্থার ভাবমূর্তি ক্ষুণ্ন করে; বৈদেশিক বাণিজ্যের ব্যয় বৃদ্ধিসহ অনুকূল পরিবেশ বিঘ্নিত হয় বিবেচনায় মেয়াদোত্তীর্ণ স্বীকৃত বিল (বৈদেশিক বা স্থানীয়) দ্রুত পরিশোধ নিশ্চিতকল্পে ব্যাংক নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করবেঃ

ক. মেয়াদোত্তীর্ণ স্বীকৃত বিলসমূহ (বৈদেশিক বা স্থানীয়) বিস্তারিত পর্যালোচনাপূর্বক (মামলাধীন, Realization Clause যুক্ত, বৃহৎ শিল্প প্রতিষ্ঠান ইত্যাদি ভিত্তিক বিশ্লেষণপূর্বক) সমন্বিত কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে;

খ. বিস্তারিত পর্যালোচনায় শাখাভিত্তিক (প্রযোজ্য ক্ষেত্রে) পারফরমেন্স মূল্যায়নকরতঃ যে সকল শাখায় মেয়াদোত্তীর্ণ অপরিশোধিত স্বীকৃত বিলের (বৈদেশিক বা স্থানীয়) পরিমান বেশি সে সকল শাখায় বিশেষ পরিবীক্ষণ ব্যবস্থা চালু করতে হবে;

গ. মামলাধীন কোন বিল পরিশোধযোগ্য না হলে তা সরবরাহকারীর ব্যাংক-কে অবহিত করতে হবে; এবং

ঘ. মেয়াদোত্তীর্ণ স্বীকৃত বিলের (বৈদেশিক বা স্থানীয়) মাসিক বিবরণী দাখিলের ক্ষেত্রে Online Import Monitoring System (OIMS) যাচাইপূর্বক তথ্য প্রেরণ করতে হবে।

০৩। এডি শাখায় দাখিলকৃত সকল বিল (বৈদেশিক বা স্থানীয়), প্রদত্ত ডিসক্রিপেন্সি (যদি থাকে) ও বিলমূল্য পরিশোধের তথ্য সংরক্ষণ ও মাসিক ভিত্তিতে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে।

০৪। এ নির্দেশনা ফরেন এক্সচেঞ্জ রেগুলেশন অ্যাক্ট, ১৯৪৭ এর ২০(৩) ধারা ও ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫(১)(ঘ) ধারায় অর্পিত ক্ষমতাবলে জারি করা হলো। বর্ণিত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(কামাল হোসেন)
পরিচালক (এফইওডি)
ফোন ঃ ৯৫৩০১২৭